গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা
www.hed.gov.bd

স্মারক নং- ৪৫.০২.০০০০.০১০.১১.০০১.২৩- ৬৩২৮ তারিখঃ ০৭/০২/২৪

**প্রজ্ঞাপন**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর বিভাগীয় নির্বাচন কমিটির ০৫/১২/৩০২৩ খ্রিঃ তারিখের ৪৫.০২.০০০০.০১০.১১.০০১.২৩-৩৩০১ সংখ্যক পত্র ও পত্রসাথ কার্যবিবরণীতে সুপারিশকৃত রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত 'অফিস সহকারী-কাম-কম্পিউটার-মুদ্রাক্ষরিক' পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী টাঃ ৯৩০০-২২৪৯০/- (১৬ তম গ্রেড) বেতনক্রমে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্রঃ নং | মেধাক্রম | রোল নং | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ১. | ০১ | ১২০১৪৪৫৯ | নাম: সোহানুর রহমান সানি<br>পিতা: হেমায়েত উদ্দিন<br>মাতা: সুলতানা ইয়াসমীন | গ্রাম: এইচএন-৯৭৫, কাউনিয়া মানসা বাড়ি রোড, ওয়ার্ড নং-২, বিসিসি, বরিশাল<br>পো: বরিশাল<br>থানা: বরিশাল সদর (কোতয়ালি)<br>জেলা: বরিশাল |
| ২. | ০২ | ১২০১৪১২৫ | নাম: মো আপেল মিয়া<br>পিতা: মো ওসমান গনি সরকার<br>মাতা: মোছা আন্জু আরা বেগম | গ্রাম: পশ্চিম টেকানি<br>পো: হরিখালী<br>থানা: সোনাতোলা<br>জেলা: বগুড়া |
| ৩. | ০৩ | ১২০১১১৯৪ | নাম: মোছা শাহিনা বেগম<br>পিতা: মোঃ ছায়েদ আলী<br>মাতা: মোছাঃ ছকিনা বেগম | গ্রাম: মধ্য গবোরধনকুটি<br>পো: নিওয়াশী<br>থানা: নাগেশ্বরী<br>জেলা: কুড়িগ্রাম |
| ৪. | ০৪ | ১২০১২০৭৯ | নাম: অমিতাভ বালা<br>পিতা: অর্জুন বালা<br>মাতা: নিলীমা বালা | গ্রাম: কালিনগর<br>পো: কালিনগর<br>থানা: তেরখাদা<br>জেলা: খুলনা |
| ৫. | ০৫ | ১২০১০৬৬৩ | নাম: মোজাম্মেল হক<br>পিতা: ফখর উদ্দিন<br>মাতা: হালিমা খাতুন | গ্রাম: আওলিয়াপাড়া ওয়ার্ড নং-০৩<br>পো: হোসেনদিয়া<br>থানা: পাকুন্দিয়া<br>জেলা: কিশোরগঞ্জ |
| ৬. | ০৬ | ১২০১৪৫৪২ | নাম: রুবেল<br>পিতা: হাফিজ মিয়া<br>মাতা: মমতাজ বেগম | গ্রাম: পিরপুর<br>পো: পিরপুর<br>থানা: রায়পুরা<br>জেলা: নরসিংদি |
| ৭. | ০৭ | ১২০০০৩৬৪ | নাম: ফজলু মন্ডল<br>পিতা: ইমান আলী মন্ডল<br>মাতা: সুফিয়া বেগম | গ্রাম: গঙ্গানন্দপুর<br>পো: রাতানদিয়া<br>থানা: কালুখালী<br>জেলা: রাজবাড়ী |
| ৮. | ০৮ | ১২০১৪৭৭৫ | নাম: আবদুল আলীম<br>পিতা: লছির উদ্দিন<br>মাতা: ময়না | গ্রাম: মাশিন্দা<br>পো: গোহাইল<br>থানা: শাহজাহানপুর<br>জেলা: বগুড়া |

| ক্রঃ নং | মেধাক্রম | রোল নং | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ৯. | ০৯ | ১২০০৩২৪৬ | নাম: মো: আবু কাউসার<br>পিতা: মো: আব্দুল মালেক<br>মাতা: মোছা: ফাতেমা বেগম | গ্রাম: জগতপুর<br>পো: বুড়িচং<br>থানা: বুড়িচং<br>জেলা: কুমিল্লা |
| ১০. | ১০ | ১২০০০৩০৮ | নাম: মো: তাফসির আলম চৌধুরি<br>পিতা: মো: বোরহান উদ্দিন চৌধুরি<br>মাতা: ফুলতার চৌধুরি | গ্রাম: আটগাঁও<br>পো: ব্রজেন্দ্রগঞ্জ<br>থানা: শাল্লা<br>জেলা: সুনামগঞ্জ |
| ১১. | ১১ | ১২০১০৬৩৪ | নাম: শেখ মোঃ মহিদ উদ্দিন<br>পিতা: শেখ মোঃ কামাল উদ্দিন<br>মাতা: মোছাঃ হামিদা খাতুন | গ্রাম: ৪৯৫, সিটি কলেজ পাড়া কলোনি<br>পো: যশোর সদর<br>থানা: কোতোয়ালি<br>জেলা: যশোর |

২। শর্তাদিঃ

(ক) চাকরিতে যোগদানের পূর্বে সিভিল সার্জন/স্বীকৃত কোন প্রতিষ্ঠানের নিকট হতে শারীরিক যোগ্যতার সনদপত্র গ্রহণ করতে হবে এবং যোগদানের সহিত উক্ত সনদপত্র দাখিল করতে হবে। শারীরিক অযোগ্যতা প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(খ) পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(গ) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)-এ যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। তাঁকে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনে কর্তৃপক্ষ এ শিক্ষানবিশ কাল অনুর্ধ্ব ০২ (দুই) বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিশ কালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সংশ্লিষ্ট বিভাগীয় নির্বাচন কমিটির পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তিনি যদি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন- এ মর্মে তিনি একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশীয়াল স্ট্যাম্পে বন্ড সম্পাদন করে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে দাখিল করবেন;

(ঙ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, প্রচলিত নিয়মানুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ হবে;

(ছ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানের সাথে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(জ) নিয়োগপ্রাপ্ত সকল কর্মচারীর জন্য সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ প্রযোজ্য হবে এবং উক্ত বিধিমালার ১৩ (১) উপ বিধি অনুয়ায়ী সকল স্থাবর অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(ঝ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঞ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ প্রক্রিয়া সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধিবিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ট) তাঁর চাকরি বাংলাদেশের যে কোন জায়গায় বদলীযোগ্য;

(ঠ) প্রচলিত বিধি মোতাবেক চাকরি স্থায়ী করা হবে;

(ড) তিনি অন্য কোন অফিসে কর্মরত থাকলে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র গ্রহণ করতে হবে;

(ঢ) সুপারিশ অনুযায়ী সংশ্লিষ্ট কোটায় নিয়োগপ্রাপ্তদের কোটা-প্রাপ্যতা যদি ভবিষ্যতে কর্তৃপক্ষ কর্তৃক বাতিল করা হয়, তবে তাদের এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ণ) যোগদানের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ত) স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন গরমিল পরিলক্ষিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

৩। উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২১/১২/২০২৩ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে (বেলা ১২:০০ ঘটিকার মধ্যে) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), প্রধান কার্যালয়, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকায় যোগদানের জন্য অনুরোধ করা হলো; নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হল।

ব্রিগেডিয়ার জেনারেল
মীর সারোয়ার হোসাইন চৌধুরী, এএফডব্লিউসি, পিএসসি
প্রধান প্রকৌশলী।
e-mail: hedhq@yahoo.com

স্মারক নং- ৪৫.০২.০০০০.০১০.১১.০০১.২৩- ৬৬২৫/১(১৪৬) তারিখঃ ০৭/১২/২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এবং লাইন ডাইরেক্টর (পিএফডি), স্বাস্থ্য সেবা বিভাগ।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-১/২/৩/৪/৫/৬/৭/৮।
৫। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী (সকল), এইচইডি, ........................বিভাগ।
৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ..........................বিভাগ।
৮। সহকারী প্রকৌশলী (সকল), এইচইডি, ........................ জেলা।
৯। জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, ........................ জেলা।
১০। হিসাব শাখা/সংগ্রহ শাখা, অত্র কার্যালয়।
১১। জনাব ...............................................
১২। অফিস কপি।

ব্রিগেডিয়ার জেনারেল
মীর সারোয়ার হোসাইন চৌধুরী, এএফডব্লিউসি, পিএসসি
প্রধান প্রকৌশলী।